সুদানে ভয়াবহ ভূমিধস বিপর্যয়: নিশ্চিহ্ন পাহাড়ি গ্রাম, প্রাণ গেল এক হাজারেরও বেশি মানুষের

সংগৃহীত ছবি

সুদানের দারফুরের মাররা পাহাড়ি এলাকায় ভয়াবহ ভূমিধসে পুরো গ্রাম নিশ্চিহ্ন হয়ে গেছে। এতে এক হাজারেরও বেশি মানুষ নিহত হয়েছেন। চলমান গৃহযুদ্ধের কারণে আশ্রয় নেওয়া সাধারণ মানুষ এই প্রাকৃতিক দুর্যোগে প্রাণ হারিয়েছেন।

সুদানে নতুন করে এক ভয়াবহ মানবিক বিপর্যয় দেখা দিয়েছে। দারফুরের দক্ষিণাঞ্চলের মাররা পাহাড়ি এলাকায় টানা ভারী বৃষ্টির পর ঘটে যাওয়া ভূমিধসে পুরো গ্রাম মাটির নিচে চাপা পড়ে যায়। এতে নারী, পুরুষ ও শিশু মিলিয়ে এক হাজারেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে। স্থানীয় সূত্র জানিয়েছে, ওই গ্রামে বেঁচে আছেন মাত্র একজন।

সুদান লিবারেশন মুভমেন্টের প্রধান সোমবার (১ সেপ্টেম্বর) এক বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করেন। তারা জাতিসংঘ ও আন্তর্জাতিক সংস্থাগুলোর কাছে মরদেহ উদ্ধারে জরুরি সহায়তার আবেদন করেছে। দুর্গম এই পাহাড়ি এলাকায় খাবার ও ওষুধের সংকট দীর্ঘদিন ধরেই বিরাজ করছে।

সুদানের সেনাবাহিনী ও প্যারামিলিটারি র‍্যাপিড সাপোর্ট ফোর্সের সংঘাতজনিত গৃহযুদ্ধের কারণে অসংখ্য মানুষ ওই অঞ্চলে আশ্রয় নিয়েছিলেন। কিন্তু সেখানেই প্রাকৃতিক দুর্যোগে তাদের জীবন শেষ হয়ে গেল।

গত দুই বছরে চলমান সংঘাতে সুদানের অর্ধেকের বেশি মানুষ বাস্তুচ্যুত হয়েছেন। এবার ভয়াবহ ভূমিধস সেই মানবিক সংকটকে আরও ভয়ংকর রূপ দিয়েছে।

সূত্র: সিএনএন